

এইচএসসি ফল পুনঃনিরীক্ষণের তারিখ ঘোষণা

অনলাইন ডেক্স

প্রকাশিত: ২৩:১৫, ১৩ অক্টোবর ২০২৫



ছবি: সংগৃহীত

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশের পরদিনই শুরু হচ্ছে ফল পুনঃনিরীক্ষণের আবেদন প্রক্রিয়া। আগামী ১৭ অক্টোবর থেকে ২৩ অক্টোবর পর্যন্ত শিক্ষার্থীরা ফল পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করতে পারবে।

সোমবার (১৩ অক্টোবর) বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. খন্দোকার এহসানুল কবির স্বাক্ষরিত বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে।

আগামী ১৬ অক্টোবর সকাল ১০টায় দেশের সব শিক্ষা বোর্ডে
একযোগে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশিত হবে।

আবেদন মাধ্যম: বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পুনঃনিরীক্ষণের জন্য
আবেদন গ্রহণ করা হবে শুধুমাত্র ওয়েবসাইটের মাধ্যমে। শিক্ষা বোর্ড,
শিক্ষা মন্ত্রণালয় বা অন্য কোনো অফিসে সরাসরি কোনো আবেদন
গ্রহণ করা হবে না। আবেদন প্রক্রিয়ার বিস্তারিত নির্দেশনা শিক্ষা
বোর্ডগুলোর ওয়েবসাইট ও জাতীয় দৈনিকে প্রকাশ করা হবে।

শিক্ষার্থীরা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে বা মোবাইলের ১৬২২২ নম্বরে
এসএমএস পাঠিয়ে ফলাফল জানতে পারবে।

উল্লেখ্য, গত ২৬ জুন এইচএসসি ও সমমানের লিখিত পরীক্ষা শুরু হয়। দেশের ১১টি শিক্ষা বোর্ডের ১২ লাখ ৫১ হাজার ১১১ শিক্ষার্থী ফরম পূরণ করেছিল। লিখিত পরীক্ষা শেষ হয়েছিল ১৯ আগস্ট এবং ব্যবহারিক পরীক্ষা নেওয়া হয়েছে ২১ থেকে ৩১ আগস্টের মধ্যে।

ফারুক